দৈনিক সংবাদ

তারিখ ... 17 SEP 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল ।। পাসের হার ৬৭.৫৮%

গতকাল ঢাকা বোর্ডের ১৯৯১ সালের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের হার ৬৭ দশমিক ৫৮ শতাংশ। গত বছর ঢাকা বোর্ডে পাসের হার ছিল অনেক কম– ৩২ দশমিক ৪৫ শতাংশ। এবারে ঢাকা বোর্ডে ১ লাখ ৫০ হাজার ১শ' ৬৮ জন পরীক্ষার্থীর মধ্যে পরীক্ষা দিয়েছে ১ লাখ ৪৮ হাজার ৩ জন। মোট পাস করেছে ১ লাখ ২৭ জন। প্রথম বিভাগ পেয়েছে ১৯ হাজার ২৩ জন, দ্বিতীয় বিভাগ ৪৫ হাজার ৪শ' ৫৬ এবং তৃতীয় বিভাগ ৩৫ হাজার ৫শ' ৪৮ জন।

সাধারণ বিজ্ঞান বিভাগে ছেলে–মেয়েদের মধ্যে ৮শ' ৮৭ নম্বর পেয়ে প্রথম হয়েছে মির্জাপুর ক্যাডেট

ঢাকা বোর্ড : পৃঃ ১২ কঃ ২

05

## ঢাকা বোর্ড ঃ এসএসসি পরীক্ষার পাসের হার

( ১ম পাতার পর )

কলেজের জালাল আহমেদ মির্জা। তাঁর লেটার রয়েছে ৬টি বিষয়ে।

সমাজ বিজ্ঞান বিভাগে ছেলে–মেয়েদের মধ্যে প্রথম হয়েছে উদয়ন বিদ্যালয়ের মনীষিতা ঘোষ। তার প্রাপ্ত নম্বর ৭শ' ৮০। লেটার রয়েছে ৩টি বিষয়ে।

নিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে পাসের হার ৭০ দশমিক ৬ শতাংশ। আর অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে পাসের হার ৪২ দশমিক ৬৩।

যেসব পরীক্ষার্থীর সাধারণ বিজ্ঞান বিষয় ছিল, তাদের পাসের হার বেশী–৭৮ দশমিক ২১ শতাংশ। যাদের সমাজ বিজ্ঞান বিষয় ছিল, তাদের পাসের হার ৫৬ দশমিক ৭৭ শতাংশ।

সাধারণ বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থীর মোট সংখ্যা ছিল ৭৫ হাজার ১শ' ৭১ জন। উত্তীর্ণ হয়েছে ৫৮ হাজার ৩শ' ৬৫ জন। প্রথম বিভাগ পেয়েছে ১৬ হাজার ৭শ' ৫৯ জন (২৮ দশমিক ৭১ শতাংশ)।

সাধারণ বিজ্ঞান বিভাগে দ্বিতীয় বিভাগ পেয়েছে ২৭ হাজার ৫শ' ৬৭ জন (৪৭ দশমিক ২৩ শতাংশ) এবং তৃতীয় বিভাগ ১৪ হাজার ৩৯ জন (২৪ দশমিক ৫ শতাংশ)।

সমাজ বিজ্ঞানে মোট ৭৪ হাজার ৯শ' ৯৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪১ হাজার ৬শ' ৬২ জন। প্রথম বিভাগ পেয়েছে ২ হাজার ২শ' ৬৪ জন (৫ দশমিক ৩৪ শতাংশ), দ্বিতীয় বিভাগ ১৭ হাজার ৮শ' ৮৯ জন (৪২ দশমিক ৯৪ শতাংশ) এবং তৃতীয় বিভাগ ২১ হাজার ৫শ' ৯ জন (৫১ দশমিক ৬৩ শতাংশ)।

অনিয়মিত ১৩ হাজার ৯শ' ৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৫ হাজার ৬শ' ৮৭ জন পাস করেছে। এদের মধ্যে ৭২ জন প্রথম বিভাগ, ১৭শ' ৬৭ জন দ্বিতীয় বিভাগ এবং ৩৮শ' ৪৮ জন তৃতীয় বিভাগ পেয়েছে।

সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান বিভাগে সম্মিলিতভাবে পুরুষ পরীক্ষার্থীদের পাসের হার ৬৮ দশমিক ৮১ শতাংশ এবং মহিলা পরীক্ষার্থীদের ৬৫ দশমিক ৪০ শতাংশ।

যাদের সাধারণ বিজ্ঞান বিষয় রয়েছে তাদের মধ্যে পুরুষ ও মহিলা পরীক্ষার্থীদের পাসের হার প্রায় সমান সমান ঃ পুরুষ ৭৮ দশমিক ২৮ শতাংশ এবং মহিলা ৭৮ দশমিক ৭ শতাংশ।

সমাজবিজ্ঞান বিভাগে মহিলা পরীক্ষার্থীরা সামান্য এগিয়ে। পাসের হার ঃ পুরুষ–৫৬ দশমিক ২৬ শতাংশ, মহিলা–৫৭ দশমিক ৪১ শতাংশ।